

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
e-mail: director.edu.raj@gmail.com
web: www.dshe.rajshahidiv.gov.bd

স্মারক নং: মাউশি/রাজ/২০২৪/ ৪০৬


তারিখ: ১৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২৪ খ্রি.

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মান এবং পরিবেশ উন্নয়নে শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট অংশীজনের কার্যকর ও দায়িত্বশীল সকলের ভূমিকা রয়েছে। এর মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ, শিক্ষক ও ব্যবস্থাপনা কমিটি বা গভর্নিং বডি। দৈনন্দিন শিখন-শেখানো ও মূল্যায়ন কার্যক্রমে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণে শিক্ষকদের এবং তা পর্যবেক্ষণে প্রতিষ্ঠানপ্রধানের নিয়মিত উপস্থিতি অপরিহার্য। কিন্তু দেখা যাচ্ছে, কোনো কোনো শিক্ষাপ্রতিষ্ঠানের অধ্যক্ষ ও শিক্ষক নিয়মিত শিক্ষাপ্রতিষ্ঠানে উপস্থিত না থাকা এবং শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা কমিটির কোনো নজরদারি না থাকায় নিয়মিত পাঠদান কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহীর আওতাধীন সকল প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং সকল শিক্ষক-কর্মচারীর সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত প্রতিষ্ঠানে নিয়মিত উপস্থিতি আবশ্যিক। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত বিষয়ে নিয়মিত তদারকির জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ আকস্মিক পরিদর্শন করবেন।

অধ্যক্ষ (সকল), (সরকারি/বেসরকারি/স্কুল এন্ড কলেজ)
রাজশাহী অঞ্চল, রাজশাহী।



২৯/১২/২৪
(প্রফেসর মোহা: আছাদুজ্জামান-৫২৫০)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
ফোন: ০২৪৭-৮১২৪৫৮

স্মারক নং: মাউশি/রাজ/২০২৪/ ৪০৬(৭)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৫. জেলা শিক্ষা অফিসার (সকল), রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৭. সংরক্ষণ নথি।

তারিখ: ২৯/১২/২০২৪ খ্রি.


২৯/১২/২৪
(প্রফেসর মোহা: আছাদুজ্জামান-৫২৫০)
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
ফোন: ০২৪৭-৮১২৪৫৮